

১০/১০/১০
১০/১০/১০
১০/১০/১০
১০/১০/১০
১০/১০/১০
১০/১০/১০
১০/১০/১০
১০/১০/১০
১০/১০/১০
১০/১০/১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০০৩.২৩.০৫২.১৩-

৩০২৬/৮(৭৬)

তারিখ: ০৫/০২/২০২০
২৩/০৬/২০২৪

বিষয় : ১লা বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ ও বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষ্যে অগ্নি নিরাপত্তামূলক ব্যবস্থাদি গ্রহণের নির্দেশনা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আসন্ন ১লা বৈশাখ-১৪৩১ বঙ্গাব্দ ও বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষ্যে বাঙ্গালী সংস্কৃতি ও ঐতিহ্যের অংশ হিসেবে দেশব্যাপী নানা ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান ও মেলার আয়োজন করা হয়ে থাকে। এ উপলক্ষ্যে সারাদেশে নানাভাবে উৎসবমুখর পরিবেশে বর্ষবরণ অনুষ্ঠান হয়। উক্ত বর্ষবরণ অনুষ্ঠান জনগণ যাতে নির্বিঘ্নে উপভোগ করতে পারে। সেলক্ষ্যে রাজধানী ঢাকাসহ সকল মহানগরী, বিভাগীয় শহর, জেলা ও উপজেলায় যে কোন আপদকালীন পরিস্থিতি মোকাবিলায় নিম্নোক্ত নির্দেশনা বাস্তবায়ন করতে হবে:

নির্দেশনাসমূহ:

- ১। বাংলা নববর্ষ ও ১লা বৈশাখ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানসমূহের অগ্নি নিরাপত্তা বিধানকল্পে সমগ্রদেশের সকল ফায়ার স্টেশন ১৩-১৫ এপ্রিল-২০২৪ পর্যন্ত স্ট্যান্ডবাই অবস্থায় থাকবে।
- ২। যে কোন আপদকালীন পরিস্থিতি মোকাবিলার জন্য মহানগর/বিভাগীয় শহর/জেলা শহর/উপজেলা ফায়ার স্টেশনে স্থানীয় ভলান্টিয়ারদের সমন্বয়-১টি “Quick Response Team/Striking Team” প্রস্তুত রাখতে হবে।
- ৩। স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে বাংলা নববর্ষ উদযাপন অনুষ্ঠানের তালিকা সংগ্রহ করতে হবে এবং স্থানীয় প্রশাসনের চাহিদার আলোকে অগ্নি নির্বাপন গাড়ি ও অ্যাম্বুলেন্স গাড়ি নিয়োজিত করতে হবে।
- ৪। জনসমাগমপূর্ণ স্থানসমূহ যথা: বিনোদন পার্ক, বাসস্ট্যান্ড, রেলস্টেশন, লঞ্চ টার্মিনাল ও বৈশাখী মেলার স্থানসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে পেট্রোল ডিউটি এর ব্যবস্থা করতে হবে। এ সকল কাজে স্থানীয় ভলান্টিয়ার নিয়োজিত করতে হবে।
- ৫। বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষ্যে মহানগর/বিভাগীয় শহর/জেলা/উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহের দায়িত্ব পালনের Deployment Plan আগামী ০৩-০৪-২০২৪ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। ঢাকা মহানগরীতে বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষ্যে সহকারী পরিচালক, ঢাকা কর্তৃক দাখিলকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন স্থানে জনবলসহ অগ্নি নির্বাপন ও অ্যাম্বুলেন্স গাড়ি, লাইটিং ইউনিট, জেমিনিবোট নিয়োজিত করতে হবে।
- ৭। ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে বাংলা নববর্ষ ও ১লা বৈশাখ উদযাপন অনুষ্ঠানসমূহে উপসহকারী পরিচালকের নেতৃত্বে দায়িত্ব পালন করতে হবে এবং দায়িত্ব পালনকালে সকল সদস্যের ফুল পিপিই পরিধান অবস্থায় থাকতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করার জন্য তাঁর আওতাধীন দপ্তর/ফায়ার স্টেশনে পত্র জারি এবং বিষয়টি তদারকি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৩/০৬/২০২৪

লেঃ কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী
এসজিপি, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

উপপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজন্য ক্ষেত্রে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৩। পরিচালক(প্রশাঃওঅর্থ)/(পঃউঃপ্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.....(সকল জেলা)।
- ৫। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,.....**ঢাকা পুর**.....(সকল জেলা)।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয়/বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ (তাকে বার্তাটি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।